

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩২৩

তারিখ: ২১ কার্তিক ১৪২৭

০৬ নভেম্বর ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

০৬ নভেম্বর ২০২০ খ্রিঃ সকাল ০৯.০০টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

০৬ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: লঘুচাপের বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাস: আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাতের ও দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩২.৪	৩০.৬	৩২.৪	৩১.০	৩১.৪	৩০.২	৩২.২	৩১.৩
সর্বনিম্ন তাপমাত্রা	১৫.৮	১৬.৩	১৬.০	১৪.৩	১৪.৮	১৪.৭	১৬.২	১৭.৫

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ঢাকা ও চাঁদপুর ৩২.৪° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা শ্রীমঙ্গল ১৪.৩° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

### অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ০৪ নভেম্বর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৫ নভেম্বর ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৭টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	২	০	০
২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	২	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	রংপুর	০	০	০
৭।	চট্টগ্রাম	১	০	০
৮।	খুলনা	৯	০	০
	মোট	১৭	০	০

### উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১। ঢাকাঃ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, গত ০৫.১১.২০২০ তারিখ বিকাল ৪.৫০ মিনিটের সময় ঢাকার ডেমরা মাতুয়াইল কোণাপাড়ায় ১০ তলা ভবনের ০৬ ছয়তলায় একটি লাইটের ফ্যাক্টরীতে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ১৪ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে আজ ০৬.১১.২০২০ তারিখ সকাল ৯.৫৫ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে এখন পর্যন্ত কোন আহত নিহতের খবর পাওয়া যায়নি। বিস্তারিত তথ্য এখনও জানা যায়নি।



৬-১১-২০২০

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩২৩/১(১৬৬)

তারিখ: ২১ কার্তিক ১৪২৭

০৬ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



৬-১১-২০২০

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা